[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শুক্রবার সকাল সাড়ে ১০ টার সময় জেলা শিল্পকলা একাডেমীর সামনে থেকে একটি শোভাযাত্রা বের হয়।

শোভযাত্রায় নেতৃত্ব দেন জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) মোঃ শামীম হোসেন । এছাড়াও এসময় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীলা হাফিয়া, মেহেরপুর সরকারী মহিলা কলেজের অধ্যক্ষ কাজী আশরাফুল আলম সহ সরকারী কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

শোভাযাত্রাটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে গিয়ে শেষ হয়। র্যালী শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর আমঝুপিতে আন্তর্জাতিক নারী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষ্যে সকাল দশটার দিকে আমঝুপিতে মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এএলআরডি‘র সহযোগিতায়,মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে। মেহেরপুর চুয়াডাঙ্গা মহাসড়কে মানববন্ধন শেষে মউক হলরুমে সমাজসেবক আব্দুর রকিবের সভাপতিত্বে প্রধান অতিথি উপস্থিত ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

এছাড়াও বক্তব্য রাখেন সাবেক ইউপি সদস্য (মেম্বার) শহীদুল্লাহ, নারীনেত্রী টুলু খাতুন। সভায় এলাকার বিভিন্ন পেশার প্রতিনিধিগন সহ বিভিন্ন নারী জনসমবায় দলের সদস্যগন অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ

মুজিবনগরে গুডনেইবারর্স কর্তৃক আন্তর্জাতিক নারী দিবস পালন

“ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেন্ডার বৈষম্য করবে নিরসন” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে, বৃহস্পতিবার বিকেলে অফিস চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়ে অফিস চত্তরে নারী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতিত্বে গুডনেইবারস এর ইয়ুথ অ্যাসিস্ট্যান্ট লিডার কবিতা খাতুনের সঞ্চালনায়, আন্তর্জাতিক নারী দিবসের তাৎপর্য, নারীর ক্ষমতায়নে গুড নেইবারস বাংলাদেশে এর ভূমিকা,নারীর প্রতি সহিংসতা ও নির্যাতন প্রতিরোধে করনীয়, নারীর ক্ষমতায়নে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পদক্ষেপ,এ বিষয় নিয়ে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, বাগোয়ান ইউনিয়ন ৬নং ওয়ার্ড সদস্য এবং সিডিসি সহসভাপতি বাবুল মল্লিক, সিনিয়র প্রোগ্রাম অফিসার এস.এম.রিফাত আল-মাহমুদ, গুডনেইবারর্স এর এসএস সাপোর্টার সজীব হোসেন, গুডনেইবারর্স এর মেডিকেল অফিসার ড. শুভ কুমার মজুমদার, সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির সহ সভাপতি আঞ্জুমান আরা।

আন্তর্জাতিক নারী দিবস উদযাপনে উপজেলার বিভিন্ন গ্রামের ১২০ জন নারী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী নারীরা তাদের অনুভুতি প্রকাশ করেন এবং উম্মুক্ত আলোচনা (প্রশ্ন ও উত্তর পর্ব) অংশগ্রহণ করেন।পরিশেষে সভাপতির সমাপনী বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানে সমাপ্তি হয়।

[redacted]

[redacted]

মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন জেন্ডার বৈষম্য করবে নিরসন” প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মুুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের আয়োজনে, বুধবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়ে উপজেলা অডিটরিয়ামে নারী দিবসের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। উপস্থিত ছিলেন মুজিবনগর থানার এস আই উত্তম কুমার, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক শেখ শফিউদ্দিন, সাংগঠনিক সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান (শের খান)। আইজিএ প্রকল্পের ট্রেড প্রশিক্ষক আছিয়া খাতুন এর সঞ্চালনায় উপস্থিত ছিলেন, মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মকর্তা- কর্মচারী ও প্রশিক্ষনার্থী বৃন্দ।

কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

শেখ হাসিনার বারতা,নারী পুরুষ সমতা এই স্লোগান নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে উপজেলার অফিসার্স ক্লাব মিলনায়তনে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহর সভাপতিত্বে।অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি খাতুন, পৌর সভার প্যানেল মেয়র জাহিদ হোসেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি নিরুপমা রায়, মডেল থানার অফিসার ইনর্চাজ মইন উদ্দিন, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, কৃষি অফিসার মহাসীন আলী, পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবুহেনা মুস্তাফিজ, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, পৌর সভার কাউন্সিলর মাহবুব খান হানিফ, মহিলা কাউন্সিলর পিউলি খাতুন, রত্না খাতুন প্রমুখ।

আলোচনা সভা সঞ্চালনা করেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা। আলোচনা সভায় বক্তারা নারী দিবসের বিভিন্ন তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন অতিথিরা। এ সময় প্রশিক্ষণ আর্থি ও জয়িতা নারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। সে সময় উপজেলা প্রশাসনে কর্মকর্তা, নির্যাতিত নারী,সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন

গাংনীতে আন্তর্জাতিক নারী দিবস পালিত

মেহেরপুরের গাংনীতে পালিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে।”ডিজিটাল প্রযুক্তি ও উদ্ভাবন ও জেন্ডার বৈষম্য করবে নিরসন” প্রতিপাদ্যে নানা আয়োজনের মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়।

এ উপলক্ষে উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে বুধবার সকাল ১০টার দিকে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত) রনী খাতুনের সভাপতিত্বে ও বিউটিফিকেশন প্রশিক্ষক নার্গিস সুলতানার সঞ্চালনায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নাছিমা খাতুন। বক্তব্য রাখেন মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, উপজেলা সহকারি কমিশনার(ভূমি) নাদির হোসের শামিম, উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান একেএম শফিকুল আলম, আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু। এসময় বিভিন্ন কর্মকর্তা ও প্রশিক্ষনার্থীসহ সুবিধাভোগী উপস্থিত ছিলেন।